



## উপজেলা পরিক্রমা মেহেরপুর সদর

**মেহেরপুর, জানুয়ারী**  
(সংবাদদাতা)।— অবিভক্ত ভারত বর্ষের মহকুমা শহর এই মেহেরপুর। দেশ বিভাগের সময় এই মহকুমাটি দু'ভাগে বিভক্ত হয়ে অর্ধেক অংশ ভারতের সাবেক নদীয়া জেলায় এবং বাকী অংশ কুষ্টিয়া জেলার অন্তর্ভুক্ত হয়। মহকুমাটির অবস্থান সীমান্ত এলাকায় হওয়ায় সরকারী পর্যায়ে সার্বিক উন্নয়নের কোন ব্যবস্থায় গৃহীত হয়নি।

১৯৭১ সালের ১৭ এপ্রিল এ অরহেলিত মেহেরপুর মহকুমার ভবরপাড়া গ্রামের বিশাল আশ্রকাননে বাংলাদেশের প্রথম স্থায়ী সরকার গঠন ও আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করেছিল। ঐ সময় এ জায়গার নাম রাখা হয় "মুজিবনগর"। বর্তমানে মুজিবনগরে একটি স্মৃতিসৌধ নির্মাণের কাজ চলছে।

সদর উপজেলায় ১টি পৌরসভাসহ ৯টি ইউনিয়ন পরিষদ রয়েছে। এর মোট আয়তন ১৪৪.৪৫ বর্গমাইল। মোট জনসংখ্যা ২ লাখ ১৫ হাজার ২শ' ২৯ জন।

### কৃষি

এখানে উৎপাদিত কৃষিজাত পণ্যের মধ্যে রয়েছে ধান, গম, আখ, পাট, তামাক, পান, তুলা, ছোলা, মশুরী, কলাই ও অন্যান্য তেলবীজসহ প্রায় সকল প্রকার শাক-সবজি। উপজেলার মোট জমির পরিমাণ ৯২ হাজার ৪শ' ৪১ একর। মোট আবাদী জমি ৬৯ হাজার ৫শ' ৫০ একর। সেচের আওতাধীনে ২৮ হাজার ৫শ' একর। মোট পাওয়ার পাম্প ২৬০টি, গভীর নলকূপ ১৮৩টির মধ্যে ১৬৮টি কার্যরত। অগভীর নলকূপ ১ হাজার ১শ' ৫০টি।

### শিক্ষা

শিক্ষার হার মাত্র ১২.৫৯ ভাগ। উপজেলায় ১টি সরকারীসহ ৩টি মহাবিদ্যালয়, ১টি সরকারী বালক ও ১টি বালিকাসহ ১০টি বালক এবং ২টি বালিকাসহ মোট ১৪টি উচ্চ বিদ্যালয়, ৫টি নিম্ন বিদ্যালয় রয়েছে। সরকারী প্রাথমিক বিদ্যালয় ৭৯টি, বেসরকারী ২৪টি, বিনামূলক শিক্ষা প্রতিষ্ঠান ১টি, কিণ্ডার গার্টেন ১টি, চার্ট অব বাংলাদেশ মিশনের বহুমুখী শিক্ষা কেন্দ্র ১টি প্রতিমথানা ১টি। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানগুলো অন্তর্হীন সমস্যায় জর্জরিত।

### স্বাস্থ্য

মেহেরপুর সদরে একটি ৫০ শয্যা বিশিষ্ট সরকারী হাসপাতাল রয়েছে। এর ডাক্তার

সংখ্যা ৭ জন। টিবি ক্লিনিক ১টি, ক্লিনিকে একজন ডাক্তার কর্মরত রয়েছেন। এখানে কোন রোগী ভর্তির ব্যবস্থা নেই। ইউনিয়নে মোট ৫টি মেডিক্যাল সাব-সেন্টার রয়েছে।

### যোগাযোগ ব্যবস্থা

মেহেরপুর উপজেলার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ সড়ক নির্ভর। সড়ক ও জনপথ বিভাগের নির্মিত সড়ক মেহেরপুর থেকে কুষ্টিয়া এবং মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা এ সড়ক দু'টিই এ উপজেলার যোগাযোগের প্রাণকেন্দ্র। মেহেরপুর-কুষ্টিয়া সড়ক সদরের গাঙ্গী উপজেলার সংযোগ স্থাপন করেছে। মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়ক চুয়াডাঙ্গা জেলা খুলনা ও রাজধানীর সাথে সংযুক্ত করেছে। পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সড়কগুলোর আশু সংস্কার প্রয়োজন। প্রত্যন্ত অঞ্চলের রাস্তা-ঘাট, পুল, কালভার্ট নির্মাণের গতি অতিমন্দ্র হওয়ায় গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত করণ।

### বিদ্যুৎ

শহর ছাড়াও এই উপজেলার কিছু কিছু গ্রামে বিদ্যুৎ ব্যবস্থা চালু রয়েছে। কিন্তু অতিরিক্ত লোড শেডিং-এর জন্য নিয়মিত বিদ্যুৎ সরবরাহ থাকে না। এ জন্য ছোট-খাট মিল, কলকারখানা বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, অফিস-আদালতে বিভিন্ন সমস্যা দেখা দেয়। বিশেষ করে ছাত্র-ছাত্রীদের পড়ালেখায় দারুণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। মেহেরপুর উপজেলা পল্লী বিদ্যুতায়নের কাজ পুরোদমে এগিয়ে চলছে। তবে, এ পর্যন্ত কোন সংযোগ দেয়া হয়নি।

### শিল্প

এ উপজেলায় তেমন কোন শিল্প কারখানা গড়ে উঠেনি। শতাধিক হস্তচালিত তাঁত শিল্প রয়েছে। বিটিসি এবং বিএলটিসি-এর পৃথক পৃথক দু'টি তামাক ক্রয় কেন্দ্র। বাডাদী কৃষিকর্মে বাংলাদেশের বৃহত্তম একটি ডাল, তেল ও বীজ শোধনাগার স্থাপিত হয়েছে। ১টি ছোট মিল স্থাপনের চেষ্টা চলছে।

### হাট-বাজার

মেহেরপুর উপজেলায় ২টি বাজার এবং ১০টি হাট রয়েছে। এগুলোর প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণ প্রয়োজন। সূত্র রক্ষণাবেক্ষণ ও দীর্ঘদিন এগুলোর সংস্কার না থাকায় বর্তমানে জরাজীর্ণ অবস্থার মধ্যে রয়েছে।